



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

তারিখ :

স্মারকনং-৯৯(০১)/

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : আপনার ১৫-০৪-২০১৫ তারিখের পত্র।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, নিম্নে প্রদত্ত শর্তাবলি পূরণ সাপেক্ষে এবং প্রতি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করার ও ফলাফল সন্তোষজনক শর্তে আপনার কলেজের উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৫ হতে ৩০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বৎসরের জন্য বৃদ্ধি করা হলো। এর পরিপ্রেক্ষিতে আপনার কলেজের শিক্ষার্থীগণ ২০২০ সাল পর্যন্ত অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিম্ন লিখিত বিভাগ ও এর অন্তর্ভুক্ত অনুমোদিত বিষয়গুলির জন্য নিয়মিত শিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, আপনার কলেজের পরবর্তী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির প্রাক্কালে নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য বিষয় সমন্ধে সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে।

- ১) আবশ্যিক বিষয় সমূহ : বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)
- ২) নৈর্বাচনিক বিষয় সমূহ :
 - ক) মানবিক বিভাগ : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা মনোবিজ্ঞান।
 - খ) ব্যবসায় শিক্ষা বিভাগ : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা, অর্থনীতি ও বানিজ্যিক ভূগোল, সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা।
 - গ) বিজ্ঞান বিভাগ : XXX

শর্তাবলী :

- ১। যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
- ২। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৩। কলেজ চত্বরে ফলস্ক, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ৪। লাইব্রেরীতে বই এর সংখ্যা বৃদ্ধি সহ বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধান সমূহ সংগ্রহ করতে হবে এবং কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- ৫। পত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

যশোর

টেলিফোন নং-০৪২১৬৮৬৩৮

প্রাপক,

অধ্যক্ষ,

গোবিন্দপুর এ, এইচ (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ডাক- গোবিন্দপুর, শ্যামনগর, সাতক্ষীরা।

স্মারক নং-ক/অ/৯৯(০১)/ ২৬৬৬ (৭)/৪

তারিখ: ২২/৩/২০১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। অফিস নথি।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

যশোর।